চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৮ মে ২০১৮ খ্রি.

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি বাংলাদেশের মতবিনিময় সভা আগামীকাল

বাংলাদেশের শিক্ষা, সংস্কৃতি ও আর্থ-সমাজিক পরিমন্ডলে উন্নয়নের ধারাবাহিকতায় এবং সমুদ্র জয়ের মাহেন্দ্রক্ষনে মেরিটাইম ক্ষেত্রে মানসম্পন্ন উচ্চ শিক্ষায় শিক্ষিত ও দক্ষ জনবল সৃষ্টির লক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদর্শী দিকনির্দেশনায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি অনুমোদিত হয়। ইতোমধ্যে বর্তমান সরকার কর্তৃক অত্র বিশ্ববিদ্যালয়ের নামে চট্টগ্রামের অদূরে কর্ণফুলি নদীর তীরে হামিদ চর এলাকায় ১০০ একর জমি প্রদান করা হয়েছে। আগামীকাল ৯ মে ২০১৮ খ্রি. বুধবার, বেলা ১১ টায় চট্টগ্রামে ৫০, কালুরঘাট ভারী শিল্প এলাকায় (হাজী সাবের আহমেদ কন্টেইনার ইয়ার্ড লি. সংলগ্ন) এই বিশ্ববিদ্যালয়ের জন্য নির্ধারিত স্থায়ী জায়গায় এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। এই মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

চট্টগ্রাম- ৮ মে ২০১৮ খ্রি.

মুসলিম ইনস্টিটিউট হলে বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বুদ্ধ পূর্ণিমা উদযাপন পরিষদ এর ধর্ম সভা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন বুদ্ধ পূর্ণিমা উদযাপন পরিষদ এর উদ্যোগে আগামী ১১ মে ২০১৮ খ্রি. শুক্রবার বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে সকাল ৮.৩০ টায় অষ্টপরিষ্কার সহ সংঘদান, ভিক্ষু সংঘের পিন্ডদান এবং বেলা ২ টায় ধর্ম সভার আয়োজন করা হয়েছে। উক্ত ধর্ম সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। উদ্বোধক হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম মন্ত্রণালয়ের বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের

ভাইস চেয়ারম্যান সুপ্ত ভুষন বড়ুয়া।প্রধান আলোচক হিসেবে উপস্থিথ থাকবেন বাংলাদেশ আওয়ামীলীগের উপ দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, বাংলাদেশ বৌদ্ধ যুব পরিষদ কেন্দ্রীয় কমিটির চেয়ারম্যান বাবু রুপায়ন বড়ুয়া, বাংলাদেশ বৌদ্ধ যুব সমিতির সভাপতি এডভোকেট জয়শান্ত বিকাশ বড়ুয়া , সাধারন সম্পাদক ড. সুব্রত বরণ বড়ুয়া। ধর্মালোচক হিসেবে থাকবেন ভদন্ত নন্দবংশ মহাথেরো, ড. সংঘ প্রিয় মহাথেরো। উক্ত অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

চট্টগ্রাম- ৮ মে ২০১৮ খ্রি.

চসিক পরিচালিত মোবাইল কোর্ট অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ০৮ মে ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন এনায়েত বাজার বাটালী রোডের রয়েল বাংলা সুইটস্ হাউজে উৎপাদিত মিষ্টান্ন দ্রব্যে উৎপাদনের তারিখ ও পন্যের গায়ে মেয়াদের তারিখ না থাকা এবং নিম্নমানের মিষ্টান্ন বিক্রি করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। এই সময়ে মেয়াদ বিহীন নিম্নমানের ২০ কেজির মতো রসমলাই ও দধি নালায় ফেলে দেয়া হয়। এই অভিযান নিয়মিত অব্যাহত থাকবে।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম- ০৭ মে ২০১৮ খ্রি.

আওয়ামীলীগে যুদ্ধাপরাধী,মানবতাবিরোধী, সুযোগ সন্ধানী, সুবিধাভোগী, অনৈতিক ও অসৎ চরিত্রের কারোর জায়গা নেই। ৪০ নং উত্তর পতেঙ্গা ওয়ার্ড আওয়ামীলীগের বিশাল কর্মী সভায় সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সৎ চরিত্রবান ও সংগঠক সহ নানা শ্রেনী ও পেশার সুশীল সমাজকে আওয়ামীলীগের পতাকাতলে সমবেত হয়ে আওয়ামীলীগের অগ্রযাত্রাকে অব্যাহত রাখার আহবান জানিয়ে বলেন, আওয়ামীলীগে যুদ্ধাপরাধী,মানবতাবিরোধী, সুযোগ সন্ধানী, সুবিধাভোগী, অনৈতিক ও অসৎ চরিত্রের কারোর জায়গা নেই। যারা জীবনে ত্যাগ স্বীকার করতে প্রস্তুত, যারা দুঃখ যন্ত্রনাকে সহ্য করে মানুষের স্বার্থে সেবা করার মানষিকতা আছে তারাই আওয়ামীলীগের তৃণমূলের কর্মী। তাদের হাত ধরে বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হবে। আ জ ম নাছির উদ্দীন মাদকসেবী,বিক্রেতা,সন্ত্রাস ও জঙ্গীবাদে লিপ্ত কাউকে আওয়ামীলীগে স্থান না দেওয়ার নির্দেশনা দেন। তিনি আশা করেন আওয়ামীলীগের নিবেদিত প্রান কর্মীরা আসন্ন সংসদ নির্বাচনে জয়ী করার জন্য বলিষ্ট ভূমিকা পালন করবে। ৭ মে ২০১৮ খ্রি. সোমবার বিকেলে কে স্কোয়ার-২ কমিউনিটি সেন্টারে ৪০ নং উত্তর পতেঙ্গা ওয়ার্ড আওয়ামীলীগের বিশাল কর্মী সভায় প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক এসব কথা বলেন। কর্মী সমাবেশে বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি আলহাজ্ব খোরশেদ আলম সুজন বলেন, আওয়ামীলীগে সুবিধাভোগী,চাটুকার ও সুযোগ সন্ধানীদের কোন স্থান নেই। তিনি বলেন, নির্যাতন ও অত্যাচারের বিরুদ্ধে সংগ্রাম করার দৃপ্ত শপথ নিয়ে আওয়ামীলীগের কর্মীদের পথ চলা। এই সংগঠনের নেতৃত্বে বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়েছে। এই স্বাধীনতাকে চিরস্থায়ী করার জন্য নেতা কর্মীদের সুদৃঢ় ঐক্য প্রয়োজন। তিনি আরো বলেন, এক শ্রেনীর সুবিধাভোগী সময়ে সময়ে সরকারের আনুকূল্য লাভে নিজেদের আখের গোঁছানোর স্বার্থে চাটুকারিতা করে থাকে। সেকল সুবিধাভোগীদের চিহ্নিত করে সমাজ থেকে বিতাড়িত করতে হবে। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ও সাবেক কাউন্সিলর আবদুল বারেক কোম্পানী। ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক

জয়নাল আবদীন আজাদ এর উপস্থাপনায় অনুষ্ঠিত বিশাল এ কর্মী সভায় বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ধর্ম বিষয়ক সম্পাদক আলহাজ্ব জহুর আহমদ, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের নির্বাহী কমিটির সদস্য নুরুল আলম, কামরুল হাসান, সাইফুদ্দিন খালেদ বাহার, রোটারিয়ান মো. ইলিয়াছ, পতেঙ্গা থানা আওয়ামীলীগের আহবায়ক আবদুল হালিম, যুগ্ম আহবায়ক এ এস এম ইসলাম, ৪০ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক জয়নাল আবদীন, ৪১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক নুরুল আলম, শ্রমিক নেতা মো. ইউনুস, ৪০ নং ওয়ার্ড আওয়ামীলীগ নেতা নুরুল আবছার ও সেকান্দর আজম সহ অন্যান্য নেতৃবৃন্দ। কর্মী সভায় ৪০ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আবদুল বারেক কোম্পানী, সাধারন সম্পাদক জয়নাল আবদীন আজাদ, শ্রমিক নেতা ইসমাইল আজিজ সহ কয়েকজনের হাতে সদস্য নবায়ন ফরম তুলে দেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন ও সহ সভাপতি আলহাজ্ব খোরশেদ আলম সুজন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন